

## কিউএস বিষয়ভিত্তিক র্যাংকিংয়ে এনএসইউর সাফল্য



### বণিক বার্তা ডেস্ক ■

দেশের অন্যতম  
বেসরকারি বিশ্ববিদ্যালয়  
নর্থ সাউথ ইউনিভার্সিটি  
(এনএসইউ) সম্প্রতি  
প্রকাশিত 'কিউএস

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বিষয়ভিত্তিক র্যাংকিং  
২০২৬'-এ একাধিক বিষয়ে সাফল্য অর্জন  
করেছে। এনএসইউ কর্তৃপক্ষ গতকাল এক  
সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

এবারের কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি  
বিষয়ভিত্তিক র্যাংকিংয়ে ইকোনমিকস  
অ্যান্ড ইকোনমেট্রিক্স বিষয়ে এনএসইউ  
বিশ্বে ৩০১-৩৫০ ব্যান্ডে স্থান পেয়েছে, যা  
এ বিষয়ে বাংলাদেশের সর্বোচ্চ অবস্থান।  
বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ বিষয়ে  
৩৫১-৪০০ ব্যান্ডে এবং ইলেকট্রিক্যাল  
অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে  
৪০১-৪৫০ ব্যান্ডে স্থান পেয়েছে।  
উভয় ক্ষেত্রেই এনএসইউ দেশের শীর্ষ  
বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে অবস্থান  
ধরে রেখেছে।

এছাড়া সোশ্যাল সায়েন্সেস অ্যান্ড  
ম্যানেজমেন্ট বিষয়ে ৪৫১-৫০০ ব্যান্ডে  
স্থান পেয়েছে এনএসইউ। এর ফলে এ  
বিষয়শ্রেণীতে বাংলাদেশের বেসরকারি  
বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১ নম্বরে রয়েছে।  
অন্যদিকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড  
ইনফরমেশন সিস্টেমস বিষয়ে বিশ্ববিদ্যালয়টি  
৫৫১-৬০০ ব্যান্ডে স্থান পেয়েছে, যা এ  
ক্ষেত্রে দেশের অন্যতম শীর্ষ বেসরকারি  
বিশ্ববিদ্যালয় হিসেবে এনএসইউর অবস্থানকে  
আরো সুসংহত করেছে।

র্যাংকিংয়ে এনএসইউর সাফল্য সম্পর্কে  
উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী  
বলেন, 'এ অর্জন শিক্ষক-শিক্ষার্থী, গবেষক  
ও প্রশাসনের সম্মিলিত নিষ্ঠা এবং পরিশ্রমের  
প্রতিফলন। এনএসইউ শিক্ষা, গবেষণা ও  
আন্তর্জাতিক মানোন্নয়নে ধারাবাহিকভাবে  
কাজ করে যাচ্ছে, যাতে বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার্থী ও শিক্ষকরা বৈশ্বিক পরিসরে  
নিজেদের সক্ষমতা তুলে ধরতে পারেন।'

